১০ দিন সরকারি-বেসরকারি অফিস বন্ধ

করোনাভাইরাসের প্রাদুর্ভাব এড়াতে ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করেছে সরকার। অর্থ্যাৎ এই ১০ দিন সরকারি ও বেসরকারি সব অফিস বন্ধ থাকবে।

সোমবার বিকেলে সচিবালয়ে জরুরি সংবাদ সম্মেলনে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম এ তথ্য জানান।

মন্ত্রিপরিষদ সচিব আরও বলেন, এই ১০ দিন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান বন্ধ থাকলেও কাঁচাবাজার, ওষুধের দোকান, হাসপাতাল এবং জরুরি সেবা চালু থাকবে।

জরুরি প্রয়োজন ছাড়া এই সময়ে কাউকে বাসা থেকে বের না হওয়ারও অনুরোধ জানান মন্ত্রিপরিষদ সচিব। এই ছুটিকালীন সময়ে সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু থাকবে।